গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)
বোর্ডবাজার, গাজীপুর
www.bmtti.gov.bd

স্মারক : বিএমটিটিআই-৮৩(অংশ-১)/শিক্ষা/২০০৪/প্রশা:/২১৫৭ **তারিখ : ১৫/১০/২০২৩ খ্রি.**

বার্ষিক প্রতিবেদন ২০২২-২০২৩

ভূমিকা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট সারাদেশের মাদ্রাসা শিক্ষকগণের জন্য একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। এখানে এবতেদায়ী থেকে শুরু করে সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষগণের জন্য প্রশিক্ষণ পরিচালিত হয়। শহরাঞ্চল থেকে শুরু করে প্রান্তিক জনপদের শিক্ষকগণও যেনো মাদ্রাসা শিক্ষাপ্রশাসন ও শিখন-শেখানো কার্যক্রমে কাঙ্ক্ষিত মান অর্জন করতে পারেন সে লক্ষ্যকে সামনে রেখেই বিএমটিটিআই সমস্ত কার্যক্রম পরিচালিত করে আসছে। অতীতের ধারাবাহিকতায় ২০২২-২০২৩ অর্থবছরেও অনলাইন, অফলাইন এবং ব্লেন্ডেড পদ্ধতিতে বিএমটিটিআই-এর সকল কোর্স অত্যন্ত সফলতার সাথে পরিচালিত হয়েছে।

রূপকল্প (Vision): উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন, দক্ষ মানব সম্পদ তৈরী ।	
অভিলক্ষ্য (Mission) : শিক্ষানীতি-২০১০, এসডিজি-৪ ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে মাদরাসা শিক্ষার সকল পর্যায়ে যুগোপযোগী আধুনিক মান সম্পন্ন শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে উচ্চ নৈতিকতা ও মূল্যবোধ সম্পন্ন মানব সম্পদ তৈরির প্রচেষ্টা অব্যাহত রাখা ।	
বিএমটিটিআই এর কার্যাবলী :	
১.	মাদ্রাসা শিক্ষার মান উন্নয়নে প্রশিক্ষিত শিক্ষক তৈরি ।
২.	মাদ্রাসা শিক্ষার্থীদেরকে জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজারের (বিশেষ করে মধ্যপ্রাচ্যের) জন্য দক্ষ ও উপযোগী করে গড়ে তোলা।
৩.	বিএমটিটিআই এর সক্ষমতা, স্বচ্ছতা এবং দক্ষতা বৃদ্ধি ও প্রশিক্ষণের সঠিক মানোন্নয়ন
৪.	মুক্তিযুদ্ধের চেতনা এবং জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতির বিকাশ ঘটানো
৫.	মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে ভাষার দক্ষতা বৃদ্ধি ।

২. বিএমটিটিআই কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহের নাম

বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্সে আরবি, ইংরেজি ও গণিত এই তিনটি বিষয়কে মূল বিষয় হিসেবে বিবেচনা করা হয়েছে। বিষয়ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হলে বর্ণিত তিনটি মূল বিষয়ের সাথে অবশিষ্ট বিষয়গুলোর (**বাংলা, রসায়ন, জীববিজ্ঞান, আল-কোরআন, সাধারণ বিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান**) যেকোনো একটি নিয়ে মোট চারটি বিষয়ের সমন্বয়ে একটি প্রশিক্ষণ ব্যাচ গঠন করা হয়।

ক্রমিক	প্রশিক্ষণ কোর্সের নাম	স্তরের নাম
০১.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, আল-কোরআন, বিজ্ঞান, বাংলা, ইসলামের ইতিহাস ও সমাজবিজ্ঞান)	দাখিল
০২.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, রসায়ন, জীববিজ্ঞান)	আলিম/ফাযিল
০৩.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	সুপার/সহ-সুপার
০৪.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	
০৫.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	অধ্যক্ষ/উপাধ্যক্ষ
০৬.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	
০৭.	শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স	এবতেদায়ী প্রধান
০৮.	বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স (আরবি, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলা)	এবতেদায়ী
০৯.	আরবি ভাষা প্রশিক্ষণ কোর্স	দাখিল/আলিম
১০.	Improving English Language Skills for Madrasah Teachers	দাখিল/আলিম
১১.	বিএমএড কোর্স	দাখিল

২০২২-২৩ অর্থবছরে বিএমটিটিআই-তে আয়োজিত প্রশিক্ষণ কোর্সসমূহের বিবরণ:

	ক্রম	কোর্সের নাম	২০২১-২২	মোট
বিষয়ভিত্তিক শিক্ষক প্রশিক্ষণ	১.	এবতেদায়ী সহকারী শিক্ষকদের জন্য বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	৪০৩ জন	৩৩৯৬
	২.	দাখিল স্তরের সহকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	১৩৯৪ জন	
	৩.	সিনিয়র মাদ্রাসার সহকারী অধ্যাপক/প্রভাষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ কোর্স	২৬১ জন	
	৪.	জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে এক বৎসরব্যাপী বিএমএড কোর্স	৩৪ জন	
	৫.	অনলাইনে আরবি ও ইংরেজি ভাষা প্রশিক্ষণ কোর্স	১৩০৪ জন	
শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	৬.	এবতেদায়ী মাদ্রাসা প্রধানদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১৭৮ জন	৭২৬
	৭.	দাখিল মাদ্রাসা সুপার/সহ-সুপারদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১৯৪ জন	
	৮.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স	১০৮ জন	
	৯.	দাখিল মাদ্রাসা সুপার/সহ-সুপারদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা সঞ্জীবনী কোর্স	১২৮ জন	
	১০.	সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষদের জন্য শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্স সঞ্জীবনী কোর্স	১১৮ জন	
		মোট	**৪১২২ জন**	**৪১২২**

২০২২-২৩ অর্থ-বছরে সম্পাদিত অন্যান্য কার্যক্রম :

১.	"বিএমটিটিআই-এর বিষয়ভিত্তিক প্রশিক্ষণের কার্যকারিতা" শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন
২.	বিভিন্ন ধরণের সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন
৩.	প্রশিক্ষণার্থীদেরকে মুক্তিযুদ্ধভিত্তিক বই প্রদান
৪.	জাতীয় দিবসসমূহ উদযাপন
৫.	অসমাপ্ত আত্মজীবনী গ্রন্থ পাঠ প্রতিযোগিতার আয়োজন
৬.	শ্রেণিকক্ষে স্মার্ট টিভি স্থাপন ও আধুনিকীকরন
৭.	ক্যাম্পাসে বৃক্ষ রোপন
৮.	প্রশিক্ষণ ম্যানুয়ালসমূহ পরিমার্জন
৯.	প্রশিক্ষণ কারিকুলামের উন্নয়ন
১০.	জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
১১.	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন

উত্তম চর্চা (Best Practices) 'র ক্ষেত্রসমূহ:

- বাংলাদেশ মাদরাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-একটি দূর্নীতি মুক্ত প্রতিষ্ঠান।
- বিএমটিটিআই-এর কর্মকর্তা ও কর্মচারীগণ দূর্নীতি মুক্ত।
- কর্মকর্তা-কর্মচারীগণের যথাসময়ে এবং নিয়মিত আগমন ও প্রস্থান।
- কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষণার্থীগণের পরিষ্কার-পরিচ্ছন্ন ও মানানসই পোষাক পরিধান করেন।
- বিএমটিটিআই-এর ক্যাম্পাস নিয়মিত পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করা হয়েছে।
- ফুলের বাগান তৈরি ও পরিচর্যা।
- প্রশিক্ষণার্থীদের স্বেচ্ছা ভিত্তিতে ডাইনিংয়ে মেস পরিচালনা।
- পরিচ্ছন্ন ও মানসম্মত খাবার পরিবেশন।
- নিয়মিত সমন্বয় সভা/পরামর্শ সভার বাস্তবায়ন করা হয়।
- নিয়মিত শরীরচর্চার ব্যবস্থা করা হয়েছে।
- নিয়মিত সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা।
- সিসি ক্যামেরার মাধ্যমে ক্যাম্পাস তদারকি করা হয়।
- ভিজেলেন্স কমিটির মাধ্যমে ক্যাম্পাসের শৃংখলা তদারকি করা হয়।
- প্রশিক্ষণের মানোন্নয়নের জন্য প্রশিক্ষক মূল্যায়ন ব্যবস্থা করা হয়।
- কর্মকর্তাদের নিয়মিত মাসিক সভা আয়োজন করা হয়।
- কর্মচারীদের সাথে মত বিনিময়ের ব্যবস্থা করা হয়।
- কর্মকর্তা ও কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান।
- কর্মকর্তা ও কর্মচারীগণ প্রশাসনকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।
- অধ্যক্ষ মহোদয় সবার মতামত নিয়ে সকল কর্মকান্ড পরিচালনা করেন।

গত এক বছরে বিভিন্ন র্কাযক্রমের কতিপয় আলোকচিত্র:

বিএমটিটিআই-এর প্রশিক্ষণ কোর্সের অনলাইন উদ্বোধন অনুষ্ঠানে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতির পিতার মাজারে শ্রদ্ধা নিবেদন

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিএমটিটিআই ক্যাম্পাসে বৃক্ষ রোপন

বিএম এড কোর্সের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় মহিলাদের বালিশ নিক্ষেপ -এর একাংশ

বিএমটিটিআই গ্রন্থাগারে হৃদয়ে বঙ্গবন্ধু বিষয়ক সংগ্রহ কর্ণার

১৫.১০.২০২৩

প্রফেসর মাহমুদুল হক-১০৬২
অধ্যক্ষ
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
বোর্ডবাজার, গাজীপুর
ফোন-০২৯৯৬৬৯৩১৭০
E-mail: bmtti.gov.bd@gmail.com